# অধ্যায়-৩: বাঙালির সংস্কৃতি ও শিল্পকলা

**★★ পাঠ-১ দৃশ্যশিল্প। Text পৃষ্ঠা-৩১**

১. কোনটি সংস্কৃতির বিচারে বিশেষভাবে গুরুত্বপূর্ণ? (অনুধাবন)
ক) পোশাক খ) গীতবাদ্য
গ) সৃষ্টিশীল কাজ ঘ) ভাষা-সাহিত্য **গ**

২. আমাদের দেশের মাটি কীরূপ? (জ্ঞান)
ক) পলিমাটি খ) বেলে মাটি
গ) এঁটেল মাটি ঘ) দো-আঁশ মাটি **ক**

৩. সৃষ্টিশীল সাংস্কৃতিক বৈশিষ্ট্য ও ঐতিহ্য বলতে কোনটিকে বোঝায়? (উচ্চতর দক্ষতা) *[ময়মনসিংহ জিলা স্কুল]*
ক) সাহিত্যকলা খ) শিল্পকলা
গ) দৃশ্যশিল্প ঘ) নাট্যকলা **খ**

৪. এখনো আমাদের গ্রামাঞ্চলে বেশির ভাগ ঘর কীরূপ? (অনুধাবন) *[এস বি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ]*
ক) বাঁশের কাঠামোর ওপর শন দিয়ে চাল ছাওয়া
খ) ইটের দেওয়ালের ওপর টিন দিয়ে চাল ছাওয়া
গ) টিনের বেড়ার শন দিয়ে চাল ছাওয়া
ঘ) পাথরের দেওয়ালের ওপর টিন দিয়ে ছাওয়া **ক**

৫. বাঙালির ঐতিহ্যবাহী সুনির্মিত মাটির তৈরি ও বাঁশের দরজার ছাউনিযুক্ত দোচালা, চারচালা ঘরের সাথে আর কী ছিল? (অনুধাবন)
ক) আটচালা ঘর খ) শনেরচালা ঘর
গ) কাঠের ঘর ঘ) ছয়চালা ঘর **ক**

৬. একসময় ছাঁচ অনুযায়ী মন্দির বানানো হতো কী দিয়ে? (জ্ঞান)
ক) বাঁশ দিয়ে খ) মাটির তৈরি ইট দিয়ে
গ) পাথর দিয়ে ঘ) কাঠ দিয়ে **খ**

৭. কান্তজির মন্দির কোথায় অবস্থিত? *[স. বো. ২০১২; মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]*
ক) বগুড়া খ) রাজশাহী
গ) রংপুর ঘ) দিনাজপুর **ঘ**

৮. দিনাজপুরের কান্তজির মন্দিরে পোড়ামাটির কাজ দিয়ে কোন কাহিনী উৎকীর্ণ আছে? (জ্ঞান)
ক) মহাভারতের কাহিনী
খ) শকুন্তলার কাহিনী
গ) বেহুলা-লখিন্দরের কাহিনী
ঘ) রামায়ণের কাহিনী **ঘ**

৯. দিনাজপুর কান্তজির মন্দিরের টেরাকোটা শিল্পকর্মে ফুটে উঠেছে— *[সি. বো. '১৩]*
ক) সামাজিক জীবনের প্রতিচ্ছবি
খ) অর্থনৈতিক জীবনের প্রতিচ্ছবি
গ) সাংস্কৃতিক জীবনের প্রতিচ্ছবি
ঘ) যুদ্ধের কলাকৌশলের প্রতিচ্ছবি **ক**

১০. বাংলাদেশের কোথায় প্রচুর পোড়ামাটির কাজ রয়েছে? (জ্ঞান)
ক) সোমপুর বিহারে
খ) কুমিল্লার ময়নামতিতে
গ) রংপুরে
ঘ) বরিশালে **ক**

১১. কান্তজির মন্দির কোন জেলায় অবস্থিত? (জ্ঞান)
ক) দিনাজপুর খ) ঢাকা
গ) মানিকগঞ্জ ঘ) সিরাজগঞ্জ **ক**

১২. নানা রকম মাটি আর কী দিয়ে হিন্দু ও বৌদ্ধ দেবদেবিদের মূর্তি বানানোর ঐতিহ্য বেশ পুরোনো? (জ্ঞান)
ক) শ্বেতপাথর খ) ইট
গ) বাঁশ ঘ) কালো রঙের কষ্টিপাথর **ঘ**

১৩. রাইসা শিক্ষা সফরে পাহাড়পুরের সোমপুর বিহার হতে ঘুরে এসেছে। রাইসা বাংলাদেশের শিল্পকলার কোন শাখার সাথে পরিচিত হয়েছে? *[চ. বো. '১৪]*
ক) চিত্রশিল্প খ) লোকশিল্প
গ) দৃশ্য শিল্প ঘ) সাহিত্য শিল্প **গ**

১৪. পালযুগের পুঁথিগুলো কোন পাতার ছিল? (জ্ঞান) *[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]*
ক) নারকেল পাতার খ) তালপাতার
গ) কাঁঠাল পাতার ঘ) কলাপাতার **খ**

১৫. প্রাচীন বাংলার পুন্ড্রনগরী বর্তমানে কোনটিকে নির্দেশ করে? (জ্ঞান) *[জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল, সিলেট]*
ক) পূর্ববঙ্গো খ) পশ্চিমবঙ্গো
গ) দক্ষিণবঙ্গো ঘ) উত্তরবঙ্গো **ঘ**

১৬. 'পুন্ড্রদেশের দুকূল শ্যামবর্ণ এবং মণির মতো মসৃণ'— একথা কে বলেছেন? *[জ্ঞান]*
ক) ইবনে বতুতা খ) কৌটিল্য
গ) বাদশা আকবর ঘ) চন্ডীদাস **খ**

১৭. পত্রোর্ণ নামে এন্ডি বা মুগা জাতীয় সিল্ক তৈরি হতো কোথায়? (জ্ঞান) *[ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়]*
ক) মগধ ও পুন্ড্রে খ) পুন্ড্র ও সমতটে
গ) সমতট ও হরিকেলে
ঘ) হরিকেল ও মগধে **ক**

১৮. গরদ কী? (জ্ঞান) *[গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা]*
ক) লুঙ্গি খ) গামছা
গ) পাজামা ঘ) শাড়ি **ঘ**

১৯. বাংলার কোন শিল্পের সুনাম বহুকালের? (জ্ঞান) *[অন্নদা সরকারী উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া]*
ক) তাঁত শিল্পের খ) পোশাক শিল্পের
গ) চট শিল্পের ঘ) কুটির শিল্পের **ক**

২০. পালযুগের তালপাতার পুঁথিগুলো কোন ধর্মশাস্ত্রের ছিল? (জ্ঞান) *[মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]*
ক) হিন্দু ধর্মশাস্ত্রের খ) মুসলমান ধর্মশাস্ত্রের
গ) বৌদ্ধ ধর্মশাস্ত্রের ঘ) খ্রিষ্টান ধর্মশাস্ত্রের **গ**

Teachingbd.com

২১. প্রাচীনকালে বাংলা কোন কাপড়ের বেশ সুনাম ছিল? /অনু-১; চ. বো. ১৫/
ক কার্পাস খ পত্রোর্ণ
গ ক্ষৌম ঘ দুকূল ঘ

২২. মুগা জাতীয় সিল্ক কী নামে পরিচিত ছিল? (জ্ঞান)
ক দুকূল খ ক্ষৌম
গ কার্পাস ঘ পত্রোর্ণ ঘ

২৩. বাংলার কোন কাপড় নিয়ে বহু কাহিনী বা কিংবদন্তির সৃষ্টি হয়েছিল? (জ্ঞান) /ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম; এস বি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ/
ক সুসিজ খ দুরিয়া
গ এলাচি ঘ মসলিন ঘ

২৪. সুলতানি আমলে বাংলার কোন ক্ষেত্রে ইরানি তুরানি প্রভাব বেশি লক্ষ করা যায়? /অনু-২; সি. বো. ১৫/
ক সাহিত্যকর্মে খ স্থাপত্য শিল্পে
গ উচ্চাঙ্গ সংগীত ঘ তাঁত শিল্পে খ

২৫. প্রাচীন বাংলার কোন কাপড় বিদেশে রপ্তানি হতো? /ব. বো. '১৪/
ক দুরিয়া খ পত্রোর্ণ
গ উতানি ঘ মুগা খ

২৬. গম্বুজ ও খিলানসহ মসজিদ, দপ্তর ও বাড়িঘর তৈরিতে সুলতানি আমলে কীসের প্রভাব লক্ষ করা যায়? (অনুধাবন)
ক ইরান তুরানি প্রভাব খ ব্রিটিশ প্রভাব
গ ফরাসি প্রভাব ঘ মার্কিনি প্রভাব ক

২৭. ছোট সোনা মসজিদ, নবাব কাটরা কোন আমলের স্থাপত্য নিদর্শন? /য. বো. ১৫/
ক মোগল খ সুলতানি
গ ব্রিটিশ ঘ পাকিস্তানি খ

২৮. ছোট সোনা মসজিদ, নবাব কাটরা, ঢাকার লালবাগের কুঠি সুলতানি আমলের স্থাপত্য নিদর্শন। এসব নিদর্শনে কোন দেশের প্রভাব পড়েছে? (প্রয়োগ)
ক ইরানি-তুরানি খ ব্রিটিশ
গ আমেরিকান ঘ আফগানি ক

২৯. স্কুল বোর্ডিংয়ে যাওয়ার সময় রুমেলকে তার মা নানা রকম নকশা করা একটি কাঁথা দিয়েছেন। কাঁথাটি কোন শিল্পের অন্তর্ভুক্ত? (প্রয়োগ)
ক দৃশ্যশিল্প খ চারুশিল্প
গ সঙ্গীতশিল্প ঘ সাহিত্যশিল্প ক

৩০. 'নকশী কাঁথা' শিল্পকর্মটি টিকিয়ে রেখেছেন কারা? (অনুধাবন) /ঢা. বো. '১৪; ময়মনসিংহ জিলা স্কুল/
ক স্বেচ্ছাসেবী সংগঠন
খ দরিদ্র নারীরা
গ সরকারি পৃষ্ঠপোষকতা
ঘ শিল্পপ্রতিষ্ঠান খ

৩১. সৃজনশীল মনের প্রকাশ ঘটে যে শিল্পকর্মের মাধ্যমে তা হলো— /ব. বো. '১৪/
ক পুঁথিপাঠ খ বস্ত্রশিল্প
গ কারুশিল্প ঘ সংগীত শিল্প গ

৩২. প্রাচীন আমলে বাংলার কোন কাপড়ের বেশ খ্যাতি ছিল? (জ্ঞান)
ক কার্পাস খ কোসা
গ দুকূল ঘ হামাম গ

৩৩. শিল্পকলায় ফুটে ওঠে— (অনুধাবন) /ময়মনসিংহ জিলা স্কুল; রাজশাহী গভঃ ল্যাবরেটরী হাই স্কুল/
i. জাতির চিন্তাশীলতা
ii. জাতির ভাবধারা
iii. জাতির সৃজনশীলতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৩৪. সৃষ্টিশীল কিছু কিছু কাজে একটি জাতির চিন্তাশক্তি ও সৃজনশীল প্রতিভার পরিচয় পাওয়া যায়, তাকে বলে— (অনুধাবন) /বরিশাল জিলা স্কুল/
i. চারুকলা ii. শিল্পকলা
iii. ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৩৫. যেসব বিষয়ের সম্মিলিত রূপ সংস্কৃতি তা হলো— (অনুধাবন)
i. জীবনযাপন প্রণালি
ii. আচার অনুষ্ঠান
iii. ভাষা সাহিত্য
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii ঘ

৩৬. সংস্কৃতি মানুষের— /দি. বো. '১৫; য. বো. '১৫/
i. চিন্তাশক্তি বিকশিত করে
ii. সম্পদ বৃদ্ধি করে
iii. সৃজনশীলতার পরিচয় বাড়ায়
নিচের কোনটি সঠিক?
ক ii খ i ও ii
গ i ও iii ঘ ii ও iii গ

৩৭. সংস্কৃতির অংশ হলো— (অনুধাবন)
i. তৈজসপত্র ii. উৎসব
iii. যানবাহন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৩৮. শিল্পকলার অন্তর্ভুক্ত হলো— (অনুধাবন) /এস বি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
i. তৈজসপত্র
ii. চিন্তাশক্তি
iii. সৃজনশীল প্রতিভা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii খ

http://teachingbd.com

৩৯. পোড়ামাটির শিল্পের ক্ষেত্রে বলতে পারি— (অনুধাবন)
i. মাটির ফলক পুড়িয়ে বানানো
ii. অপর নাম টেরাকোটা
iii. কান্তজির মন্দিরে দেখা যায়
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪০. তালপাতার পুঁথির ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো— (অনুধাবন)
i. সেন যুগের শিল্পকর্ম
ii. বৌদ্ধ ধর্মশাস্ত্রের গ্রন্থ
iii. দেশীয় রঙ দিয়ে আঁকা ছবি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৪১. পত্রোর্ণ নামে এন্ডি বা মুগা সিল্ক তৈরি হতো— (অনুধাবন)
i. মগধে ii. সিন্ধুতে
iii. পুন্ড্রে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৪২. গ্রামীণ মহিলারা ঘরে ঘরে কাঁথা সেলাই করে আশ্চর্য নিপুণতায় ফুটিয়ে তুলেছেন— ★ (অনুধাবন)
*[মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]*
i. সমাজব্যবস্থা ii. গল্পকাহিনী
iii. ছবি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

৪৩. বাংলার যে সকল জিনিসে ইরানি প্রভাব লক্ষ করা যায় তা হলো— (অনুধাবন)
i. মসজিদ
ii. তৈজসপত্র
iii. দপ্তর
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৪৪. বাংলায় উৎপন্ন শাড়ির মধ্যে বর্তমানেও সুপরিচিত— (অনুধাবন)
i. মণিপুরি
ii. জামদানি
iii. মসলিন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও:
৮ম শ্রেণির ছাত্র সানি দিনাজপুরের কান্তজির মন্দিরে বেড়াতে গেলে তার বইয়ে পঠিত এক ধরনের শিল্প দেখতে পায়। *[দি. বো. '১৫]*

৪৫. সানির দেখা শিল্পটি হলো—
ক পোড়ামাটির শিল্প খ সাহিত্যশিল্প
গ সংগীত শিল্প ঘ চিত্র শিল্প **ক**

৪৬. এ শিল্প সম্পর্কে সঠিক তথ্য হলো—
i. এটিকে টেরাকোটাও বলা হয়
ii. ছোট সোনা মসজিদেও এ শিল্প দেখা যায়
iii. এতে সেকালের সমাজজীবনের ছবি পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

নিচের অনুচ্ছেদ হতে ৪৭ ও ৪৮ নং প্রশ্নের উত্তর দাও :
আবির বৈশাখী মেলায় গিয়ে পোড়ামাটির তৈরি বিভিন্ন ধরনের দ্রব্যাদি দেখল। তার বন্ধু রাশেদ বলল, তাদের গ্রামের একটি মন্দিরে পোড়ামাটির শিল্পকর্মে রামায়ণের কাহিনী উৎকীর্ণ করা আছে।

৪৭. রাশেদের গ্রামের মন্দিরের সাথে কোন মন্দিরের সাদৃশ্য রয়েছে? (প্রয়োগ)
ক কান্তজির মন্দির খ রমনা কালী মন্দির
গ ঢাকেশ্বরী মন্দির ঘ জগন্নাথ হল মন্দির **ক**

৪৮. পোড়ামাটির শিল্প সম্পর্কে সঠিক তথ্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. এর মাধ্যমে প্রাচীন বাংলা সমাজজীবনের ধারণা পাওয়া যায়
ii. পাহাড়পুরের সোমপুর বিহারে প্রচুর পোড়ামাটির কাজ রয়েছে
iii. প্রাচীন বাংলার সকল মানুষ এ শিল্পের সাথে জড়িত ছিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ক**

## ★ পাঠ–২ ও ৩ সাহিত্য ও সংগীত শিল্প
| Text পৃষ্ঠা–৩২ ও ৩৩

৪৯. বাংলার প্রথম সাহিত্য কর্মের নাম কী? *[ব. বো. '১৫]*
ক মহাভারত খ চণ্ডীদাস
গ চর্যাপদ ঘ সীতার বনবাস **গ**

৫০. প্রায় কত বছর আগে চর্যাপদ রচিত হয়েছিল? *[দি. বো. '১৫]*
ক এক হাজার বছর খ দেড় হাজার বছর
গ দুই হাজার বছর ঘ তিন হাজার বছর **খ**

৫১. কে চর্যাপদ আবিষ্কার করেন? ★ (জ্ঞান) *[ময়মনসিংহ জিলা স্কুল]*
ক পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী
খ চণ্ডীদাস
গ লুই পা ঘ কাহ্ন পা **ক**

৫২. শাব্দিক অর্থ ছাড়াও চর্যাপদের কী বুঝতে হয়? (জ্ঞান)
ক সারমর্ম খ ভাবার্থ
গ ধর্মকথা ঘ নীতিকথা **খ**

Teachingbd.com

http://teachingbd.com

৫৩. পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী কোন রাজ দরবার থেকে চর্যাপদ আবিষ্কার করেন? ★ (জ্ঞান) *[রাজশাহী কলেজিয়েট স্কুল]*

(ক) ভুটান রাজ দরবার
(খ) নেপাল রাজ দরবার
(গ) মোগল রাজ দরবার
(ঘ) ইরাক রাজ দরবার — (খ)

৫৪. প্রায় কত বছর আগে চর্যাপদ রচিত হয়েছিল? (জ্ঞান)

(ক) এক হাজার বছর (খ) দেড় হাজার বছর
(গ) দুই হাজার বছর (ঘ) তিন হাজার বছর — (খ)

৫৫. কোন ভাষাবিদ চর্যাপদের কাল নির্ণয় করেন? (জ্ঞান)

(ক) মুনীর চৌধুরী (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
(ঘ) রাজা রামমোহন রায় — (গ)

৫৬. কারা চর্যাপদ লিখেছেন? ★ (জ্ঞান) *[অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট]*

(ক) বৌদ্ধ সাধকরা (খ) হিন্দু পুরোহিতরা
(গ) মুসলমানরা (ঘ) খ্রিষ্টান পাদ্রিরা — (ক)

৫৭. চর্যাগীতির বিখ্যাত রচয়িতা ছিলেন— *[সি. বো. ২০১৩; দি. বো. ২০১৪; য. বো. ২০১৪]*

(ক) লুই পা ও কাহ্ন পা (খ) হরপ্রসাদ শাস্ত্রী ও চণ্ডীদাস
(গ) বিদ্যাপতি ও জ্ঞান দাস
(ঘ) গোবিন্দ দাস ও চণ্ডীদাস — (ক)

৫৮. মানুষের পাঁচটি ইন্দ্রিয় রয়েছে। লুই পা এই ইন্দ্রিয়গুলোকে কী বলেছেন? (প্রয়োগ)

(ক) খুঁটি (খ) স্তম্ভ
(গ) ডাল (ঘ) শক্তি — (গ)

৫৯. বৈষ্ণব পদাবলি কী? ★ (জ্ঞান) *[গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা]*

(ক) প্রাচীন সাহিত্য (খ) পুঁথি
(গ) গান (ঘ) কবিতা — (গ)

৬০. একই সাথে সাহিত্য, শিল্প ও সংগীত শিল্প কোনগুলো? *[ব. বো. '১৪]*

(ক) বৈষ্ণব পদাবলী (খ) মঙ্গলকাব্য
(গ) পুঁথি সাহিত্য (ঘ) চর্যাপদ — (ক)

৬১. কোন আমলে শ্রীচৈতন্যের ভাবধারার প্রভাবে বাংলায় কীর্তন গান রচনার জোয়ার আসে? *[দি. বো. '১৫; য.বো. '১৫]*

(ক) পাল আমলে (খ) সেন আমলে
(গ) মোগল আমলে (ঘ) সুলতানি আমলে — (ঘ)

৬২. কার কাহিনী নিয়ে বৈষ্ণব পদাবলীর গানগুলো রচিত হয়েছে? (জ্ঞান)

(ক) শ্রীকৃষ্ণ ও রাধার (খ) বেহুলা ও লখিন্দরের
(গ) মনসা ও চাঁদ সওদাগর
(ঘ) রাম ও সীতা — (ক)

৬৩. শ্রীকৃষ্ণ ও রাধার কাহিনী নিয়ে রচিত গানগুলো কী নামে পরিচিত? (জ্ঞান)

(ক) খেমটা (খ) বৈষ্ণব পদাবলী
(গ) খেউড় (ঘ) পাঁচালি — (খ)

৬৪. বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দ দাস প্রমুখ কী ছিলেন? ★ (অনুধাবন) *[উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]*

(ক) চর্যাপদের পদকর্তা
(খ) রামায়ণের রচয়িতা
(গ) বৈষ্ণব পদাবলীর পদকর্তা
(ঘ) মহাভারতের রচয়িতা — (গ)

৬৫. দেশীয় দেবদেবিকে নিয়ে রচিত কাব্যকাহিনী কী নামে পরিচিত? ★ *[কু. বো. '১৫; জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল, সিলেট]*

(ক) মঙ্গলকাব্য (খ) রোমান্টিক কাব্য
(গ) গদ্যকাব্য (ঘ) ছন্দকাব্য — (ক)

৬৬. চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, মনসামঙ্গল এগুলো কী ধরনের কাব্য? (অনুধাবন)

(ক) মঙ্গলকাব্য (খ) রোমান্টিক কাব্য
(গ) গদ্য কাব্য (ঘ) ছন্দ কাব্য — (ক)

৬৭. অন্নদামঙ্গল কে রচনা করেন? *[সি. বো. '১৪]*

(ক) বিজয়গুপ্ত (খ) ঘনরাম
(গ) মুকুন্দরাম (ঘ) ভারতচন্দ্র — (ঘ)

৬৮. চণ্ডীমঙ্গল কাব্য কার লেখা? (অনুধাবন)

(ক) ঘনরাম (খ) মুকুন্দরাম
(গ) বিজয়গুপ্ত (ঘ) আলাওল — (খ)

৬৯. ধর্মমঙ্গল কে লিখেছেন? ★ (জ্ঞান) *[সরকারি বালিকা বিদ্যালয়, বরিশাল]*

(ক) মুকুন্দরাম (খ) বিজয়গুপ্ত
(গ) কালি দাস (ঘ) ঘনরাম — (ঘ)

৭০. ভারতচন্দ্রের রচনা কোনটি? ★ (জ্ঞান) *[বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]*

(ক) চণ্ডীমঙ্গল (খ) ধর্মমঙ্গল
(গ) মনসামঙ্গল (ঘ) অন্নদামঙ্গল — (ঘ)

৭১. পুঁথিশিল্প সমৃদ্ধ ছিল কোন যুগে? *[চ. বো. '১৫]*

(ক) সেন যুগে (খ) পাল যুগে
(গ) মোগল আমলে (ঘ) সুলতানি আমলে — (খ)

৭২. পুঁথি সাহিত্যের কদর ছিল কোন সমাজে? (জ্ঞান)

(ক) হিন্দু সমাজে (খ) মুসলমান সমাজে
(গ) বৌদ্ধ সমাজে (ঘ) খ্রিষ্টান সমাজে — (খ)

৭৩. আলাওলের কোন রচনাটি বাংলা সাহিত্যের ইতিহাসে বিশেষভাবে আলোচিত? ★ (জ্ঞান) *[নড়াইল সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়]*

(ক) ইউসুফ-জুলেখা (খ) লায়লি-মজনু
(গ) জঙ্গনামা (ঘ) পদ্মাবতী — (ঘ)

৭৪. কোন আমলে আমাদের দেশে বাংলা গদ্যের সূচনা হয়? ★ (জ্ঞান) *[মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]*

(ক) প্রাচীন আমলে (খ) আধুনিক যুগে
(গ) মধ্যযুগে (ঘ) ইংরেজ আমলে — (ঘ)

৭৫. আধুনিক বাংলা সাহিত্যের ভিত গড়েছেন কে? ★ *[রা. বো. '১৪; য. বো.; চ. বো.; সি. বো.; ঢা. বো. '১৪; ময়মনসিংহ জিলা স্কুল]*

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) বঙ্কিমচন্দ্র (ঘ) মাইকেল মধুসূদন দত্ত — (খ)

৭৬. কে বাংলা সাহিত্যকে শোভন ও সুন্দরভাবে পূর্ণতা দিয়েছেন? ★ (জ্ঞান) *[মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]*

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) মীর মশাররফ হোসেন — (গ)

Teachingbd.com

http://teachingbd.com

৭৭. সাধারণত কোন গানের আসরটি শহরাঞ্চলে বসত? (জ্ঞান)
ক খেউড় খ গম্ভীরা
গ মুর্শিদি ঘ ভাওয়াইয়া **ক**

৭৮. ভারতের কোন অঞ্চলের সংস্পর্শে এসে হিন্দুস্থানি উচ্চাঙ্গ সংগীতের সাথে বাঙালি সংগীত সাধকদের পরিচয় ঘটে? (জ্ঞান)
ক উত্তর খ পূর্ব
গ পশ্চিম ঘ দক্ষিণ **ক**

৭৯. বাংলার সাধারণ মানুষ কীসের মাধ্যমে আধ্যাত্মিক সাধনা করে? (অনুধাবন)
ক গানের মাধ্যমে খ নাচের মাধ্যমে
গ কবিতার মাধ্যমে ঘ সাহিত্যের মাধ্যমে **ক**

৮০. উৎপল দাস হিন্দু সম্প্রদায়ের। ফরিদ উৎপলদের বাড়িতে গেলে কোন গানটি শোনার সম্ভাবনা রয়েছে (প্রয়োগ)
ক মুর্শিদি খ ভাওয়াইয়া
গ কীর্তন ঘ কাওয়ালি **গ**

৮১. কোন গান হিন্দু-মুসলমান সকলেই গেয়ে থাকে? (জ্ঞান)
ক কীর্তন খ ভাটিয়ালি
গ উচ্চাঙ্গ সঙ্গীত ঘ চর্যাপদ **খ**

৮২. মুর্শিদি, পালাগান, গম্ভীরা ইত্যাদি কী ধরনের গান? /ব. বো. '১৫/
ক উচ্চাংগ সংগীত খ আধুনিক গান
গ আঞ্চলিক লোকগান
ঘ রবীন্দ্র সংগীত **গ**

৮৩. আঞ্চলিক গান হিসেবে কোনটি ছড়িয়ে আছে? ★ (জ্ঞান) /কুমিল্লা জিলা স্কুল/
ক পুঁথিসাহিত্য খ পালাগান
গ কীর্তন গান ঘ নাগরিক গান **খ**

৮৪. ঢাকা এখন যানজট আর বিল্ডিংয়ের নগরী। কোথাও নিঃশ্বাস ফেলার জায়গা নেই। এই নগরীতে এক সময় কী হতো? (প্রয়োগ)
ক পুঁথির আসর বসতো
খ পালাগান হতো
গ সার্কাসের প্রদর্শনী হতো
ঘ খেমটা গানের আসর বসতো **ঘ**

৮৫. নিধুবাবু কেন বিখ্যাত? ★ (অনুধাবন) /ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক লোকগানের জন্য
খ মুর্শিদি গানের জন্য
গ নাগরিক গানের জন্য
ঘ পালাগানের জন্য **গ**

৮৬. বাঙালি নাগরিক গান কার হাতে উৎকর্ষের শীর্ষে পৌছে? (জ্ঞান)
ক কাজী নজরুল ইসলাম
খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ রজনীকান্ত সেন ঘ দ্বিজেন্দ্র লাল রায় **খ**

৮৭. আমাদের জাতীয় সংগীতের সুর মূর্ছনা কীভাবে সৃষ্টি হয়েছে? ★ (জ্ঞান) /বরিশাল জিলা স্কুল/
ক রবীন্দ্রনাথের হাতে
খ জাতীয়ভাবে
গ আন্দোলনের মাধ্যমে
ঘ বাউল সুরে **ক**

৮৮. আমাদের জাতীয় সংগীতের সুর কোন ধরনের গানের সুর থেকে নেয়া হয়েছে? ★ /স. বো. ২০১৬; সি. বো. ২০১৪; রা. বো. ২০১৪; ময়মনসিংহ জিলা স্কুল/
ক গম্ভীরা খ বাউল
গ মুর্শিদি ঘ ভাটিয়ালি **খ**

৮৯. 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' সংগীতটির রচয়িতা কে? (জ্ঞান)
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ নিধুবাবু
গ কালী মির্জা ঘ কাজী নজরুল ইসলাম **ক**

৯০. কাজী নজরুল ইসলাম কত হাজার গান লিখেছেন? ★ /রা. বো. '১৫; বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম/
ক প্রায় তিন হাজার খ প্রায় চার হাজার
গ প্রায় পাঁচ হাজার ঘ প্রায় ছয় হাজার **ঘ**

৯১. চর্যাগীতির বিখ্যাত রচয়িতাদের মধ্যে কে বা কারা বিখ্যাত ছিলেন? ★ (অনুধাবন) /গভ. ল্যাবরেটরি হাইস্কুল, রাজশাহী/
i. লুইপা ii. কাহ্ন পা
iii. স্বরূপ পা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৯২. ক্লাসে গল্পের ছলে একদিন শফিউল্লাহ স্যার আবৃত্তি করলেন, কা আ তরুবর পাঞ্চ বি ডাল চঞ্চল চী এ পইঠা কাল। তিনি আবৃত্তি করেছেন— (প্রয়োগ)
i. বাঙালির প্রথম সাহিত্যকর্ম থেকে
ii. চর্যাগীতি থেকে iii. স্বরচিত কবিতা থেকে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৯৩. কীর্তন গান রচনায় মুসলমান কবিগণও অংশগ্রহণ করেছিলেন। কেননা সুলতানি আমলে— /অনু-৩/
i. হিন্দু মুসলমানদের সম্পর্ক ছিল ঘনিষ্ঠ
ii. শ্রীচৈতন্যের বৈষ্ণব ভাবধারার প্রভাব ছিল ব্যাপক
iii. এটিই বাঙালির প্রথম সাহিত্যকর্ম ছিল
নিচের কোনটি সঠিক ?
ক i খ ii
গ i ও ii ঘ i ও iii **গ**

৯৪. কীর্তন গানের বিষয়বস্তু ছিল— (অনুধাবন)
i. শ্রীকৃষ্ণের কাহিনী
ii. সীতার কাহিনী
iii. রাধার কাহিনী
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

http://teachingbd.com

৯৫. মঙ্গলকাব্যের কাহিনীর বিষয়বস্তু হলো— (অনুধাবন)
i. রোমান্টিক আখ্যান
ii. দেশীয় দেবদেবির কাহিনী
iii. বাংলার সমাজচিত্র
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii খ

৯৬. হাসানের দাদা একসময় পুঁথি পাঠ করতেন। বাঙালির প্রায় সব পুঁথিগুলো তিনি জানেন। তার জানা উল্লেখযোগ্য পুঁথিগুলো হলো— (প্রয়োগ)
i. ইউসুফ-জুলেখা
ii. লায়লি-মজনু
iii. জঙ্গনামা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯৭. পুঁথির উদাহরণ হলো— (অনুধাবন)
i. লায়লি-মজনু ii. রাধা-কৃষ্ণ
iii. জঙ্গনামা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii গ

৯৮. আধুনিক বাংলা সাহিত্যের বিকাশে ভূমিকা রেখেছেন— (অনুধাবন)
i. দিনবন্ধু মিত্র ii. মীর মশাররফ হোসেন
iii. রাজা রামমোহন রায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ক

৯৯. বাংলায় নতুন নতুন গান সৃষ্টি হয়েছে— (অনুধাবন)
i. কৃষকদের দ্বারা
ii. মাঝিদের দ্বারা
iii. আধ্যাত্মিক সাধকের দ্বারা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii ঘ

১০০. যে গান হিন্দু-মুসলমান সকলেই গেয়ে থাকে সেগুলো হলো— (অনুধাবন)
i. বাউল ii. কীর্তন
iii. ভাটিয়ালি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii গ

১০১. রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলাম বাংলাদেশের দুজন মহীয়ান গীতিকার। গান রচনায় কাজী নজরুল ইসলাম রবীন্দ্রনাথ ঠাকুর থেকে ব্যতিক্রম— (প্রয়োগ)
i. ধর্মীয় দিক থেকে
ii. আপন স্বাতন্ত্র্যে
iii. আপন বৈচিত্র্যে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

১০২. যে সব বাঙালি নাগরিক গানকে সমৃদ্ধ করেছেন, তাদের মধ্যে কাজী নজরুল ইসলাম বিশেষ স্থান অধিকার করে আছেন আপন— /কু. বো. '১৫/
i. স্বাতন্ত্র্যে ii. উৎকর্ষে
iii. বৈচিত্র্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii খ

নিচের উদ্দীপকটি পড়ে ১০৩ ও ১০৪ নং প্রশ্নের উত্তর দাও:
সুলতানি আমলে বাংলায় কীর্তন গান রচনার জোয়ার আসে। তখন অনেক মুসলমান কবিও এগুলো রচনা করেছেন। /কু. বো. '১৪/

১০৩. কীর্তনগান রচনার মূল বিষয় হচ্ছে—
ক শ্রীকৃষ্ণ ও রাধার কাহিনী
খ দেশীয় দেবদেবির কাহিনী
গ বৌদ্ধ সাধকদের কাহিনী
ঘ রোমান্টিক কল্পকাহিনী ক

১০৪. মুসলমান কবিদের এই কাহিনী রচনার পেছনে কারণ ছিল— /কু. বো. '১৪/
ক শ্রীচৈতন্যদেবের প্রভাব
খ হিন্দু-মুসলমানে ঘনিষ্ঠভাব
গ মুসলমান কবিদের সুনাম
ঘ হিন্দু ভাবধারার প্রভাব খ

নিচের উদ্দীপকটি পড় এবং ১০৫ ও ১০৬ নং প্রশ্নের উত্তর দাও:
সত্যানন্দ বাবু জন্ম থেকে রংপুর শহরে বসবাস করেন। তিনি তার নাতিকে পুরোনো দিনের গল্প শোনাতে গিয়ে বললেন, 'আমাদের পূর্ব-পুরুষরা এই শহরে গানের আসর বসাতেন।' এরপর তিনি গুণগুণিয়ে গাইতে শুরু করলেন '.......... আমার প্রাণে বজায় বাঁশি, সোনার বাংলা ..........'। /দি. বো. '১৪/

১০৫. সত্যানন্দের বক্তব্য অনুসারে সেখানে কোন ধরনের আসর বসত?
ক খেমটা খ পালাগান
গ রবীন্দ্রসংগীত ঘ বারমাস্যা ক

http://teachingbd.com

১০৬. সত্যানন্দের গুণগুণিয়ে গাওয়া গানের সাথে সম্পর্কিত—

i. বাউল গান ii. নাগরিক গান

iii. রবীন্দ্রনাথ ঠাকুর

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓛ i ও ii

ⓜ i ও iii ⓝ i ,ii ও iii ⓜ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৭ ও ১০৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:

মনু মাঝি নৌকা বাইছে। নতুন ধানে ভরা তার নৌকা। মনের সুখে গলা ছেড়ে গাইছে বাংলার চির পরিচিত একটি গান।

'মন মাঝি তোর বৈঠা নেরে

আমি আর বাইতে পারলাম না।' *[অনু-৪ ও ৫]*

১০৭. মনু মাঝি কোন ধরনের গান গাইছেন?

ⓚ মুর্শিদি ⓛ বারমাস্যা

ⓜ ভাওয়াইয়া ⓝ বাউল ⓚ

[বি.দ্র. এ গানটি প্রকৃতপক্ষে ভাটিয়ালি গান কিন্তু আধ্যাত্মিকতার চিহ্ন পাওয়া যায় বিধায় এটিকে মুর্শিদি গানও বলা যায়]

১০৮. মনু মাঝির গানের মধ্যে কোনটি বেশি প্রকাশ পেয়েছে?

ⓚ আধ্যাত্মিক সাধনা

ⓛ নিজস্ব সাংস্কৃতিক ঐতিহ্য

ⓜ নৈসর্গিক অবস্থা ⓝ সাহিত্য শিল্পের চর্চা ⓚ

উদ্দীপকটি পড়ো এবং ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও।

আধুনিক বাংলা গানের সমৃদ্ধিতে এমন একজনের কৃতিত্বপূর্ণ অবদান রয়েছে, যিনি ছয় হাজারের মতো গান লিখেছেন। আধুনিক বাংলা গানের পাশাপাশি সারা বাংলাব্যাপী ছড়িয়ে থাকা মুর্শিদি, পালাগান ইত্যাদিও বাংলার সংগীত শিল্পকে করেছে সমৃদ্ধ।

১০৯. উদ্দীপকে উল্লিখিত কৃতিত্বপূর্ণ অবদানসম্পন্ন ব্যক্তিটি কে? (প্রয়োগ)

ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓛ কাজী নজরুল ইসলাম

ⓚ হাসন রাজা ⓚ লালন শাহ্ ⓛ

১১০. উক্ত ব্যক্তি বাংলা সাহিত্যে বিশেষ স্থান অধিকার করে আছেন— (উচ্চতর দক্ষতা)

i. আপন স্বাতন্ত্র্যে

ii. আপন বৈচিত্র্যে

iii. ধর্মীয় দিক থেকে

নিচের কোনটি সঠিক ?

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ⓚ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১১ ও ১১২ নং প্রশ্নের উত্তর দাও:

বিদ্যালয়ের প্রাত্যহিক সমাবেশে জাতীয় সংগীত গেয়ে মীরা রবীন্দ্রনাথের স্মৃতি বিজড়িত বিভিন্ন জিনিসপত্র দেখার জন্য তার মায়ের কাছে বায়না ধরে। *[রা. বো. '১৪]*

১১১. মীরাকে সেগুলো দেখার জন্য কোথায় যেতে হবে?

ⓚ ময়মনসিংহ জাদুঘরে

ⓛ লোকশিল্প জাদুঘরে

ⓜ দিঘাপতিয়ার জমিদার বাড়িতে

ⓝ শিলাইদহের কুঠিবাড়িতে ⓝ

১১২. বাংলাদেশের জাতীয় সংগীতের সুর কোন গানের সুর থেকে নেয়া?

ⓚ মুর্শিদি গান ⓛ পালাগান

ⓜ বাউল গান ⓝ ভাওয়াইয়া গান ⓜ

## ★★ পাঠ-৪ প্রতিষ্ঠান | Text পৃষ্ঠা-৩৪

১১৩. ১৯৫৪-র যুক্তফ্রন্টের নির্বাচনি অঙ্গীকার অনুযায়ী প্রতিষ্ঠিত হয়েছিল কোন প্রতিষ্ঠান? (জ্ঞান) *[নড়াইল সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়; ময়মনসিংহ জিলা স্কুল]*

ⓚ বাংলা একাডেমি ⓛ শিল্পকলা একাডেমি

ⓜ শিশু একাডেমি ⓝ জাতীয় জাদুঘর ⓚ

১১৪. রেহান ফেব্রুয়ারি মাসে বইমেলা থেকে অনেক বই কিনেছিল। যে প্রতিষ্ঠানটি এই বইমেলার আয়োজন করেছিল সেটি ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটির নাম কী? (প্রয়োগ)

ⓚ শিশু একাডেমি ⓛ শিল্পকলা একাডেমি

ⓜ মুক্তিযুদ্ধ জাদুঘর ⓝ বাংলা একাডেমি ⓝ

১১৫. বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্যে কোন প্রতিষ্ঠানটি কাজ করছে? (জ্ঞান) *[জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট; ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]*

ⓚ শিশু একাডেমি ⓛ বাংলা একাডেমি

ⓜ জাতীয় জাদুঘর ⓝ শিল্পকলা একাডেমি ⓛ

১১৬. বাংলা একাডেমিকে জাতির মননের প্রতীক বলা হয় কেন? *[সি. বো. ২০১৩]*

ⓚ ভাষা আন্দোলনের সাথে জড়িত বলে

ⓛ চারুকলার পৃষ্ঠপোষকতা করে বলে

ⓜ বাংলা ভাষা ও সাহিত্যে উৎকর্ষের জন্য কাজ করেছে বলে

ⓝ শিশুদের প্রতিভা বিকাশে কাজ করেছে বলে ⓜ

১১৭. বাংলাদেশ শিল্পকলা একাডেমির ক্ষেত্রে প্রযোজ্য কোনটি? *[দি. বো. '১৪]*

ⓚ ললিতকলা চর্চা করা

ⓛ সাহিত্য চর্চায় উৎসাহিত করা

ⓜ সাংস্কৃতিক নিদর্শন সংরক্ষণ

ⓝ জাতীয়তাবাদ চর্চা ⓚ

১১৮. শিশু একাডেমি কীসের জন্য প্রতিষ্ঠিত হয়েছে? (অনুধাবন)

ⓚ বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য

ⓛ শিল্পকলা ও সাহিত্য চর্চায় শিশুদের উৎসাহিত করার জন্য

ⓜ ললিতকলা চর্চার পৃষ্ঠপোষকতার জন্য

ⓝ শিশুদের শিক্ষার প্রসারের জন্য ⓛ

http://teachingbd.com

১১৯. শিশু একাডেমির শাখা কোথায় আছে? (জ্ঞান)
ক প্রত্যেক বিভাগে খ প্রত্যেক ইউনিয়নে
গ প্রত্যেক গ্রামে ঘ প্রত্যেক জেলায় **ঘ**

১২০. নিচের কোন প্রতিষ্ঠান শিশুদের জন্যে কাজ করে? ★ (অনুধাবন) /মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর/
ক বাংলা একাডেমি খ বাফা
গ শিশু একাডেমি ঘ শিল্পকলা একাডেমি **গ**

১২১. ঝুমুর দাস শিশুদের নাচ, গান ও সাহিত্য চর্চায় উৎসাহী করার জন্য নিজস্ব উদ্যোগে একটি প্রতিষ্ঠান স্থাপন করেছেন। ঝুমুর দাসের প্রতিষ্ঠানটির সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে? (প্রয়োগ)
ক শিল্পকলা একাডেমি
খ বাংলা একাডেমি
গ ছায়ানট ঘ শিশু একাডেমি **ঘ**

১২২. ঢাকার মুক্তিযুদ্ধ জাদুঘর, রাজশাহীর বরেন্দ্র রিসার্চ মিউজিয়াম কী ধরনের প্রতিষ্ঠান? (অনুধাবন)
ক বেসরকারি প্রতিষ্ঠান
খ সরকারি প্রতিষ্ঠান
গ ব্যক্তিগত প্রতিষ্ঠান
ঘ আধা সামরিক প্রতিষ্ঠান **ক**

১২৩. বরেন্দ্র রিসার্চ মিউজিয়াম কোথায় অবস্থিত? (জ্ঞান)
ক ঢাকায় খ রাজশাহীতে
গ খুলনায় ঘ চট্টগ্রামে **খ**

১২৪. নিচের কোন প্রতিষ্ঠান স্বাধীনতার আগে থেকে গণসঙ্গীতের চর্চা করে আসছে? ★ (জ্ঞান) /গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা/
ক উদীচী খ ছায়ানট
গ বাফা ঘ খেলাঘর **ক**

১২৫. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস রচনা করেছেন কে? (জ্ঞান)
ক এনামুল হক খ ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ আব্দুল হক ঘ কাজী নজরুল ইসলাম **খ**

১২৬. ড. মুহম্মদ শহীদুল্লাহর নামের সাথে বাংলার কোন দৃশ্য শিল্পটি জড়িয়ে আছে? (অনুধাবন)
ক স্থাপত্য শিল্প খ দৃশ্য শিল্প
গ সাহিত্য শিল্প ঘ ভাস্কর্য শিল্প **গ**

১২৭. কে আঞ্চলিক ভাষার অভিধান সংকলন করেছেন? (অনুধাবন)
ক ড. মুহম্মদ এনামুল হক
খ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ ড. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ আবদুল করিম **গ**

১২৮. মুনীর চৌধুরী প্রধানত অবদান রাখেন— /চ. বো. '১৫/
ক সঙ্গীত শিল্পে খ ভাষা গবেষণায়
গ নাটকে ঘ চলচ্চিত্রে **গ**

১২৯. নিচের কোন ব্যক্তি প্রধান নাট্য ব্যক্তিত্ব নয়? ★ (উচ্চতর দক্ষতা) /গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা/
ক মুনীর চৌধুরী খ নুরুল মোমেন
গ সৈয়দ শামসুল হক
ঘ মাহবুব-উল-আলম **ঘ**

১৩০. যুক্তিবাদী মননশীল প্রবন্ধ সাহিত্যের জন্য বিশেষভাবে স্মরণীয় হয়ে আছেন কারা? /চ. বো. '১৪/
ক আহসান হাবিব ও আব্দুল হক
খ মোতাহার হোসেন চৌধুরী ও আবু ইসহাক
গ সৈয়দ শামসুল হক এবং সৈয়দ ওয়ালীউল্লাহ
ঘ কাজী মোতাহের হোসেন ও ড. আহমদ শরীফ **ঘ**

১৩১. জাতির নানা দুঃসময়ে নারীদের মধ্যে সাহসীর ভূমিকার জন্যে কোন কবির নাম স্মরণীয়? (অনুধাবন)
ক বেগম রোকেয়া খ জাহানারা ইমাম
গ সুফিয়া কামাল ঘ সেলিনা হোসেন **গ**

১৩২. উচ্চাঙ্গ সংগীতে উপমহাদেশ খ্যাত ওস্তাদের নাম কী? (জ্ঞান)
ক আয়াত আলী খান খ বুলবুল চৌধুরী
গ ওস্তাদ আলাউদ্দিন খাঁ
ঘ লালন শাহ **গ**

১৩৩. সাবরীনা উচ্চাঙ্গ সঙ্গীত চর্চা করে। তার গানে কার প্রভাব বিদ্যমান? (প্রয়োগ)
ক বুলবুল চৌধুরী খ আলমগীর কবির
গ ওস্তাদ আলাউদ্দিন খাঁ ঘ কালী মির্জা **গ**

১৩৪. জাহানারা ইমাম কীসের জন্যে বিশেষভাবে স্মরণযোগ্য? (অনুধাবন)
ক মুক্তিযুদ্ধের চেতনা বিকাশের জন্যে
খ নারী সমাজের বিকাশের জন্যে
গ বাংলা সাহিত্যের জন্যে
ঘ ইসলামি সাহিত্যের জন্যে **ক**

১৩৫. লোকগানে আব্বাস উদ্দিন আহমদ কী হিসেবে পরিচিত? (জ্ঞান)
ক সম্রাট খ রাজা
গ যুবরাজ ঘ ওস্তাদ **ক**

১৩৬. লোকগানে আবদুল আলীম কী হিসেবে পরিচিত ছিলেন? /কু. বো. '১৫; য. বো. '১২/
ক সম্রাট খ রাজা
গ যুবরাজ ঘ ওস্তাদ **গ**

১৩৭. নিচের কোন ব্যক্তি ভাস্কর্যে স্বকীয়তা ও স্বাতন্ত্র্যে উজ্জ্বল প্রতিভার অধিকারী? ★ (জ্ঞান) /বি এ এফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর/
ক এফ আর খান খ আব্দুল আলীম
গ নভেরা আহমেদ ঘ এস এম সুলতান **গ**

Teachingbd.com

১৩৮. কাকে চিত্রকলার পথিকৃৎ বলা হয়? [দি. বো. '১৫; য.বো. '১৫; স. বো. ১৩]
ক কামরুল হাসান খ জয়নুল আবেদিন
গ এস.এম. সুলতান ঘ সফিউদ্দীন আহমেদ **খ**

১৩৯. জয়নুল আবেদিনের পর কে চিত্রকলার পথিকৃত ছিলেন? [কু. বো. '১৪]
ক এস.এম. সুলতান
খ সফিউদ্দিন আহমদ
গ কামরুল হাসান
ঘ আব্দুল জব্বার **গ**

১৪০. এফ আর খান কীসের জন্যে বিখ্যাত? ★ (জ্ঞান) [ব্লু-বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট]
ক স্থাপত্যকলায় খ সংগীতে
গ চিত্রকলায় ঘ কারুশিল্পে **ক**

১৪১. আকাশচুম্বি ভবন নির্মাণ পদ্ধতির প্রবর্তক কে ছিলেন? ★ (প্রয়োগ) [রংপুর জিলা স্কুল]
ক নভেরা আহমেদ
খ বুলবুল চৌধুরী
গ এস, এম সুলতান
ঘ এফ আর খান **ঘ**

১৪২. বাঙালি মুসলমান সমাজে নৃত্যচর্চার দ্বার উন্মোচন করেছিলেন কে? ★ (জ্ঞান) [সাতক্ষীরা সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়]
ক শওকত ওসমান খ আয়াত আলী খান
গ বুলবুল চৌধুরী ঘ নভেরা আহমেদ **গ**

১৪৩. সম্পাদক তোফাজ্জল হোসেন, আবদুস সালাম ও জহুর হোসেন চৌধুরী কোন ক্ষেত্রে কাজের জন্যে স্মরণীয় হয়ে আছেন? (জ্ঞান)
ক চলচ্চিত্র খ সাংবাদিকতা
গ উচ্চাঙ্গ সংগীত ঘ চিত্রকলা **খ**

১৪৪. বাংলা একাডেমি প্রতিষ্ঠার সাথে যুক্ত ছিল— ★ (অনুধাবন) [মাতৃপীঠ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
i. ৫৬-এর সংবিধান
ii. ৫৪-এর নির্বাচনি অঙ্গীকার
iii. ৫২-এর ভাষা আন্দোলনের পটভূমি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

১৪৫. বাংলা একাডেমির কাজ হলো— ★ [রা. বো. '১৪; ময়মনসিংহ জিলা স্কুল]
i. বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতি সাধন
ii. বাংলা ভাষা, সাহিত্য, নাটক ও নৃত্যকলার গবেষণা ও প্রসার ঘটানো
iii. শিল্পকলা ও সাহিত্য চর্চায় শিশুদের উৎসাহিত করা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i ,ii ও iii **ক**

১৪৬. স্বাধীনতা পূর্বকাল থেকেই গণসঙ্গীতের চর্চা করে আসছে— (অনুধাবন)
i. ছায়ানট ii. উদীচী শিল্পী গোষ্ঠী
iii. ক্রান্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

১৪৭. সারাদেশে শিশু কিশোরদের জন্য কাজ করছে— ★ (অনুধাবন) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. খেলাঘর
ii. ছায়ানট
iii. কচিকাঁচার আসর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৪৮. প্রত্যেক জেলা শহরে শাখা রয়েছে— [সি. বো. '১৪]
i. বাংলাদেশ শিল্পকলা একাডেমির
ii. বাংলাদেশ শিশু একাডেমির
iii. বাংলা একাডেমির
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i ,ii ও iii **ক**

১৪৯. হাসন রাজার গান শ্রোতাদের উদ্দীপ্ত করে— (অনুধাবন)
i. ভক্তিরসে
ii. ভালোবাসায়
iii. ভাবরসে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৫০. বাংলাদেশে মনন চর্চার জন্য রয়েছে— (অনুধাবন)
i. বিশ্ববিদ্যালয়
ii. নজরুল একাডেমি iii. গণগ্রন্থাগার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৫১. বাংলা ভাষার গবেষকদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলেন— (অনুধাবন)
i. কাজী মোতাহের হোসেন
ii. ড. মুহম্মদ শহীদুল্লাহ
iii. ড. মুহম্মদ এনামুল হক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

Teachingbd.com

১৫২. শিল্পকলা একাডেমির কাজ হলো— (অনুধাবন)
i. বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতি করা
ii. অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টি করা
iii. শিশুদের সাহিত্য চর্চায় উৎসাহিত করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

১৫৩. উপন্যাস ও কথাসাহিত্যে আমাদের লেখকদের মধ্যে উল্লেখযোগ্য হলেন— (অনুধাবন)
i. শওকত ওসমান ii. আল মাহমুদ
iii. আবু ইসহাক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৫৪. যাদের অবদানে আমাদের কাব্য সাহিত্য উজ্জ্বল— (অনুধাবন)
i. জসীমউদ্দীন ii. শামসুর রাহমান
iii. শওকত আলী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৫৫. বাংলাদেশে শিল্পকলা একাডেমি রয়েছে— (অনুধাবন) /কুমিল্লা জিলা স্কুল/
i. ললিত চর্চার পৃষ্ঠপোষকতা
ii. অবকাঠামোগত সুবিধা সৃষ্টি, গবেষণা
iii. গবেষণা ও প্রসারের জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৫৬. বাংলার সমৃদ্ধ লোকসাহিত্য ও পুঁথিসাহিত্য সংগ্রহ করেন— (অনুধাবন)
i. আবুল ফজল
ii. মুহাম্মদ মনসুর উদ্দিন
iii. আব্দুল করিম সাহিত্য বিশারদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

১৫৭. বাংলাদেশের প্রধান নাট্য ব্যক্তিত্ব হলেন— (অনুধাবন)
i. আব্দুল্লাহ আল মামুন
ii. মুনীর চৌধুরী iii. আল মাহমুদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৫৮. লোকগানের ক্ষেত্রে অবদান রয়েছে— (অনুধাবন)
i. শাহ আবদুল করিমের
ii. আলাউদ্দিন খাঁর
iii. ফকির লালন শাহের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৫৯. বাংলাদেশের চলচ্চিত্র শিল্প সমৃদ্ধ করেছেন— (অনুধাবন)
i. জহির রায়হান
ii. খান আতাউর রহমান
iii. বুলবুল চৌধুরী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৬০. ড. মুহম্মদ শহীদুল্লাহ কোন কোন ক্ষেত্রে অবদান রেখেছেন? /রা. বো. ১৫/
i. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস রচনা করেছেন
ii. চর্যাপদের কাল নির্ণয় করেছেন
iii. আঞ্চলিক ভাষার অভিধান সংকলন করেছেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৬১নং প্রশ্নের উত্তর দাও:**
কিছু ব্যক্তিত্বের অবদানে আমাদের শিক্ষা, সাহিত্য ও শিল্পের পরিচয় বিশ্বজুড়ে। তাছাড়া বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য কাজ করে এমন একটি প্রতিষ্ঠান যা ভাষা আন্দোলনের পটভূমিতে গড়ে উঠে। /সি. বো. ১৫/

১৬১. উক্ত প্রতিষ্ঠানটির সম্পর্কে তথ্য হলো—
i. এটি একটি বেসরকারি প্রতিষ্ঠান
ii. এটিকে জাতির মননের প্রতীক বলা হয়
iii. এটি যুক্তফ্রন্টের নির্বাচনি অঙ্গীকার অনুযায়ী প্রতিষ্ঠিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ১৬২–১৬৩ নং প্রশ্নের উত্তর দাও।**
ভাষা আন্দোলনের পটভূমিতে যে প্রতিষ্ঠানের জন্ম সেটি বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্যে কাজ করে। কিছু ব্যক্তিত্বের অবদানে আমাদের শিক্ষা, সাহিত্য ও শিল্পের পরিচয় বিশ্বজুড়ে।

১৬২. উদ্দীপকের শুরুতে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? (প্রয়োগ)
ক শিশু একাডেমি
খ মুক্তিযুদ্ধ জাদুঘর
গ শিল্পকলা একাডেমি
ঘ বাংলা একাডেমি **ঘ**

১৬৩. উক্ত প্রতিষ্ঠান সম্পর্কে তথ্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. এটি একটি বেসরকারি প্রতিষ্ঠান
ii. এটিকে জাতির মননের প্রতীক বলা হয়
iii. যুক্তফ্রন্টের নির্বাচনি অঙ্গীকার অনুযায়ী এটি প্রতিষ্ঠিত
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

Teachingbd.com